**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 18-07-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**CM-Gandhigram :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা ছাত্রছাত্রীদের নেশার বিরুদ্ধে সচেতন করে তোলার জন্য শিক্ষক শিক্ষিকা ও অভিভাবকদের প্রতি আহ্বান জানিয়েছেন| গতকাল গান্ধীগ্রাম উচ্চমাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে নেশামুক্ত ত্রিপুরা এবং বাল্যবিবাহ প্রতিরোধের উপর সচেতনতামূলক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি এই আহ্বান জানান|

#######Byte-CM-1#######

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার নেশার বিরুদ্ধে জিরো টলারেন্স নীতিতে কাজ করছে।

তিনি বাল্যবিবাহ রোধে সামাজিক সচেতনতা বাড়ানোর উপর গুরুত্ব আরোপ করেন|

************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ বিহার ও পশ্চিমবঙ্গ সফর করবেন | তিনি বিহারের মোতিহারিতে ৭ হাজার কোটিরও বেশি টাকার একাধিক উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন | পাশাপশি প্রধানমন্ত্রী পশ্চিমবঙ্গেও ৫ হাজার কোটিরও বেশি টাকার একাধিক উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন |

************************

**Swachh Survekshan :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু গতকাল নতুনদিল্লিতে আয়োজিত এক অনুষ্ঠানে স্বচ্ছ সর্বেক্ষণ নবম পর্বের তথা ২০২৪-২৫ সালের জন্য ৭৮টি পুরস্কার প্রদান করেন। অনুষ্ঠানে রাষ্ট্রপতি বলেন, পরিচ্ছন্নতা হল ২০৪৭ সালের বিকশিত ভারতের দৃষ্টিভঙ্গির অন্যতম গুরুত্বপূর্ণ দিক। তিনি দেশকে পরিষ্কার, সুস্থ ও উন্নত করার লক্ষ্যে এগিয়ে যাওয়ার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান।

*********************

**Governor Courtesy Meet :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু গতকাল নয়াদিল্লিতে কেন্দ্রীয় সড়ক পরিবহণ এবং হাইওয়ে মন্ত্রকের মন্ত্রী নীতিন গড়করির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****************

## Food Festival-South :

দক্ষিণ জেলা প্রশাসনের উদ্যোগে বিলোনিয়ার শচীন দেববর্মণ অডিটোরিয়াম প্রাঙ্গণে দু'দিন ব্যাপী আয়োজিত ফুড ফেস্টিভ্যাল গতকাল শেষ হয়েছে। অনুষ্ঠানে বিধায়ক স্বপ্না মজুমদার বলেন, এই ফুড ফেস্টিভ্যালের মতো অনুষ্ঠানে মানুষের মেলবন্ধন সুদৃঢ় হয়। এই ফেস্টিভ্যালে স্বসহায়ক দলের তিনজন সদস্যকে বেস্ট কুক পুরস্কার দেওয়া হয়। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক প্রমোদ রিয়াং, জেলাশাসক মোঃ সাজ্জাদ পি প্রমুখ। এই ফুড ফেস্টিভ্যালে সরকারি বিভিন্ন দপ্তরের পক্ষ থেকে প্রদর্শনী স্টলও খোলা হয়।

*********************

## ADC-Panchakarma Unit :

ত্রিপুরা স্বশাসিত জেলা পরিষদের মুখ্যনির্বাহী সদস্য পূর্ণচন্দ্র জমাতিয়া গতকাল খুমুলুঙস্থিত খেরেংবার কমিউনিটি হলে পঞ্চকর্ম ইউনিটের উদ্বোধন করেন। তিনি বিভিন্ন রোগ থেকে মুক্তি পাওয়ার জন্য এই পঞ্চকর্ম চিকিৎসার গুরুত্ব তুলে ধরে রোগীদের এই সুযোগ নেওয়ার আহ্বান জানান। উপস্থিত ছিলেন স্বাস্থ্য দপ্তরের নির্বাহী সদস্য কমল কলই, বিধায়ক বিশ্বজিৎ কলই, এমডিসি গনেশ দেববর্মা প্রমুখ।

***********************

## Police Transfer :

রাজ্য পুলিশে ওসি পর্যায়ে ৫৪ জন পুলিশ অফিসারকে রদবদল করা হয়েছে। পূর্ব আগরতলা থানার ওসি রাণা চট্টোপাধ্যায়কে আগরতলা পশ্চিম থানার ওসি

করা হয়েছে। পূর্ব থানার ওসি হচ্ছেন সুব্রত দেবনাথ। তিনি যাত্রাপুর থানার দায়িত্বে ছিলেন।

**********************

**HFT :**

হেপাটাইটিস ফাউন্ডেশন অব ত্রিপুরা,খোয়াই শাখার উদ্যোগে গতকাল শৈব সুনীতি উচ্চ বুনিয়াদি বিদ্যালয়ে হেপাটাইটিস, ম্যালেরিয়া, ডেঙ্গু ও জল বাহিত রোগ প্রতিরোধ বিষয়ক এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। এই আলোচনা সভায় বক্তব্য রাখেন ফাউন্ডেশনের খোয়াই শাখার ভাইস চেয়ারম্যান সুব্রত আচার্য্য স্বাস্থ্যকর্মী অমিত কিশোর পাল ও বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা দিপা ভট্টাচার্য l অনুষ্ঠানে স্বাস্থ্য সম্পর্কিত বিষয়ের উপর ছাত্র-ছাত্রীদের মধ্যে কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

***********************

**BJP-Chintan Meeting :**

প্রদেশ বিজেপি'র উদ্যোগে গতকাল আগরতলায় জনজাতি চিন্তন বৈঠক অনুষ্ঠিত হয়| বৈঠকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এডিসি এলাকায় দলের সাংগঠনিক অবস্থা পর্যালোচনা করেন| উপস্থিত ছিলেন বিজেপি রাজ্য সভাপতি রাজীব ভট্টাচার্য, জনজাতি কল্যাণ মন্ত্রী বিকাশ দেববর্মা সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*******************

## Job Fair :

কেন্দ্রীয় সরকারের "ন্যাশনাল কেরিয়ার সার্ভিস" প্রকল্পের আওতায় গতকাল কৈলাশহরে জেলা কর্মবিনিযোগ কেন্দ্রে চাকুরী মেলা অনুষ্ঠিত হয়। দুটি সংস্থার পক্ষ থেকে গতকাল ঊনকোটি ও উত্তর ত্রিপুরা জেলার কর্মপ্রার্থীদের ইন্টারভিউ নেওয়া হয়। মোট শূণ্য পদের সংখ্যা ৪৮০টি। যোগ্য প্রার্থীরা মুম্বাই, পুনে, গুজরাট সহ রাজ্যের বিভিন্ন জেলায় পোস্টিং পাবেন।

*********************

## IBC :

ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেস এর ১০৯ তম গভর্নিং কাউন্সিল এর দু`দিন ব্যাপী বৈঠক আগরতলার প্রজ্ঞা ভবনে আজ থেকে শুরু হচ্ছে | বিকেলে ভারতের উত্তর পূর্বাঞ্চলের পরিকাঠামো উন্নয়ন শীষর্ক জাতীয় সেমিনারের উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। এছাড়া উপস্থিত থাকবেন পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী, DONER মন্ত্রকের সচিব, রাজ্য পূর্ত দপ্তরের সচিব, ইন্ডিয়ান বিল্ডিং কংগ্রেসের প্রতিষ্ঠাতা সভাপতি সহ অন্যান্যরা | গতকাল আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে এ কথা জানান IBC-র সর্বভারতীয় সভাপতি চিন্ময় দেবনাথ।

*********************

## RAKHAL SHIELD :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত রাখাল শিল্ড নকআউট ফুটবল প্রতিযোগিতার প্রথম সেমিফাইনালে আজ ফরোয়ার্ড ক্লাব ও নাইন বুলেটস ক্লাব পরস্পরের মুখোমুখি হচ্ছে উমাকান্ত মিনি স্টেডিয়ামে সন্ধ্যা ৬টায় ম্যাচটি শুরু হবে।

********************

## SPORTS ARTICLE DISTRIBUTION :

নন্দননগরের ফার্নানডেজ রিহেবিলিটেশন সেন্টারে এক অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল স্পেশাল চাইল্ডদের হাতে ক্রীড়া সরঞ্জাম তুলে দিয়েছে লায়ন্স ক্লাব অব আগরতলা অনিশ। সেন্টারে মুক বধির ছেলে মেয়েদের ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল, দাবা, ক্যারাম প্রভৃতি ক্রীড়া সরঞ্জাম দেয়া হয়েছে। অনুষ্ঠানে লায়ন্স ক্লাব অনিশের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

********************

## Weather :

আজ দুপুর পর্যন্ত আগরতলা ও পার্শ্ববর্তী অঞ্চলের আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারনত: মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩১ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টি হয়েছে ৭ দশমিক ৫ মিলিমিটার।

*****************

*******************